গকসু নির্বাচন : অযোগ্য ৭–যোগ্য ৬১, থাকছে আপিলের সুযোগ



সংগৃহীত ছবি

গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় সংসদ (গকসু) নির্বাচনে প্রাথমিকভাবে ৬১ জন প্রার্থীকে যোগ্য ঘোষণা করেছে রিটার্নিং অফিস। তবে ৭ জন প্রার্থীকে অযোগ্য ঘোষণা করা হয়েছে। এছাড়া কয়েকজনকে সংশোধনযোগ্য প্রার্থী তালিকায় রাখা হয়েছে।

সোমবার (৭ সেপ্টেম্বর) বিকালে রিটার্নিং অফিসারের কার্যালয় থেকে এ তথ্য নিশ্চিত করা হয়।

প্রাপ্ত তথ্য মোতাবেক যোগ্য প্রার্থীদের মধ্যে সহ-সভাপতি (ভিপি) পদে রয়েছেন রাজিব হোসেন (ফলিত গণিত), আবু সুফিয়ান মুছা (ভেটেরিনারি), রাকিব (আইন), মো. আব্দুল মাজেদ সালাফি (ভেটেরিনারি), মো. রিফাত হোসাইন (আইন), ইয়াছিন আল মৃদুল দেওয়ান (বাংলা), মো. মির্জন (আইন) এবং মো. জামিল রাব্বি (ভেটেরিনারি)। সাধারণ সম্পাদক (জিএস) পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন মো. রায়হান খান (ভেটেরিনারি), আফসানা মিমি (মেডিকেল ফিজিক্স এন্ড বায়েমেডিকেল ইঞ্জিনিয়ারিং), মো. অন্তু দেওয়ান (আইন) ও রিদুয়ানুল ইসলাম মানিক (বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিকুলার বায়োলজি)।

সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে রয়েছেন মো. জাহিদ হাসান (কৃষি), শিফাতুর রহমান শিশির (ইংরেজি) ও সামিউল হাসান শোভন (মেডিকেল ফিজিক্স অ্যান্ড বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং)। কোষাধ্যক্ষ পদে আছেন ওবাইদুর রহমান সবুজ (বিবিএ), জাহিদ হাসান (আইন), খন্দকার আব্দুর রহিম (ফার্মেসি) ও সালাউদ্দীন (সিএসই)। ক্রীড়া সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন মাহমুদুল হাসান রাব্বি (আইন), মো. আবদুল্লাহ আল বাকির (সিএসই)।

সহ-ক্রীড়া সম্পাদক পদে রয়েছেন মহিউদ্দিন শিহাব (আইন), মো. শহিদুল্লাহ (ভেটেরিনারি), আব্দুল্লাহ আল নোহান (মাইক্রোবায়োলজি) ও মো. ফাহিম মিয়া (ভেটেরিনারি)।

সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে রয়েছেন মো. মারুফ (ভেটেরিনারি), রাকিব রায়হান (রাজনীতি ও প্রশাসন) ও সৌরভ কান্তি নাথ তন্ময় (বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিকুলার বায়োলজি)। সহ-সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে আছেন মো. আলিমুল হাসান (ইইই) ও লীশা চাকমা (সমাজবিজ্ঞান ও সমাজকর্ম)। দপ্তর সম্পাদক পদে রয়েছেন মো. নাছির উদ্দিন সারোয়ার (মেডিকেল ফিজিক্স অ্যান্ড বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং), শারমিন আক্তার (সমাজবিজ্ঞান ও সমাজকর্ম), এম. এম. মাহফুজুল হক (আইন) ও উল্লাস দত্ত আকাশ (আইন)। প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন জুবায়েদ আহমেদ (আইন), মেঘলা আক্তার (রসায়ন) ও মো. জান্নাতুল ফেরদৌস (ভেটেরিনারি)।

সমাজকল্যাণ ও ক্যান্টিন সম্পাদক পদে আছেন মো. মনোয়ার হোসেন অন্তর (ইইই), নাজমুল হোসেন রিমন (সমাজবিজ্ঞান ও সমাজকর্ম), মো. ইমরান তামজিদ (ভেটেরিনারি) ও মাশরুক মাহমুদ (ফলিত গণিত)। কার্যনির্বাহী সদস্য পদে কৃষি অনুষদ থেকে আছেন মহিউল আলম দোলন, ভেটেরিনারি অ্যান্ড এনিমেল সায়েন্সেস অনুষদ থেকে আছেন মো. আবু হুরায়রা, মো. মেহেদী হাসান, মো. ইকবাল হোসেন ও মো. হুমায়ুন কবির। কলা ও সমাজবিজ্ঞান অনুষদ থেকে আছেন শাকিল আহম্মেদ (ইংরেজি), মো. সেলিম আহমেদ অলি (সমাজবিজ্ঞান ও সমাজকর্ম), মো. মেহেদী হাসান (আইন) ও মিনতুজ আক্তার মিম (আইন)। বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন সারফুন নাহার স্বর্ণা (ফলিত গণিত), মো. ইমদাদুল হক মিলন (সিএসই), সামিউল আলম (রসায়ন), দেওয়ান সাদেকুর রহমান ফুয়াদ (মেডিকেল ফিজিক্স অ্যান্ড বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং), অলি উল্লাহ ফয়সাল (ইইই), খুরশিদ জাহান (ইইই) ও মেহেরুন খিলজী মিতু (সিএসই)। স্বাস্থ্য বিজ্ঞান অনুষদ থেকে আছেন নাশরুন সেঁজুতি অরণি (মাইক্রোবায়োলজি), পার্থ সরকার (ফার্মেসি), রহিত কুমার সাহা অরিন (বিএমবি) ও মো. মেরাজ হোসেন সজীব (মাইক্রোবায়োলজি)।

অন্যদিকে সংশোধনযোগ্য প্রার্থীদের তালিকায় আছেন ভাইস প্রেসিডেন্ট পদে নাসিম (রসায়ন), ক্রীড়া সম্পাদক পদে ফয়সাল আহমেদ (বাংলা), সহ-সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে নাদিয়া ইসলাম তৃষা (মেডিকেল ফিজিক্স অ্যান্ড বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং), দপ্তর সম্পাদক পদে মো. আল মাসুদ মিয়া (রাজনীতি ও প্রশাসন), এবং কার্যনির্বাহী সদস্য (কৃষি অনুষদ) পদে সানজিদা আক্তার জেবা, (কলা ও সমাজ বিজ্ঞান অনুষদ) পদে জান্নাতুল ফেরদৌস লামিশা (বাংলা)।

তবে অযোগ্য প্রার্থীর তালিকায় আছেন ৭ জন। এর মধ্যে সহ-সভাপতি পদে শেখ খোদারনূর ইসলাম (আইন), সহ-সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে মো. হৃদয় হোসেন (রসায়ন) ও সুমাইয়া আক্তার জেরিন (আইন), দপ্তর সম্পাদক পদে প্রিন্স সম্রাট মুস্তাকিম (আইন), প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে নামিরা জামান (মেডিকেল ফিজিক্স অ্যান্ড বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং) ও মো. রাশেদুল ইসলাম (ভেটেরিনারি) এবং সমাজকল্যাণ ও ক্যান্টিন সম্পাদক পদে মো. রাকিবুল হাসান জয় (আইন)।

রিটার্নিং অফিসের দপ্তর জানিয়েছে, যাদের তথ্যের অসংগতি আছে তাদের সংশোধনযোগ্য তালিকায় রাখা হয়েছে। আর যাদের ডিটেইন আছে বা বকেয়া রয়েছে তাদের অযোগ্য ঘোষণা করা হয়েছে। অযোগ্য প্রার্থীরা চাইলে আগামীকাল আপিল করতে পারবেন। একই দিনে আপিল শুনানি অনুষ্ঠিত হবে। এরপর আগামী ১৪ সেপ্টেম্বর প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।